

নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০০০.০৬.০০৬৩.২৪.৯১

তারিখ: ২৯ মাঘ ১৪৩১
১২ ফেব্রুয়ারি ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদেরকে প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা দুপচাঁচিয়া উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদের আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখ রোজ- রবিবার, সকাল ০৮:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির পক্ষে উপজেলা সমাজসেবা অফিসার ও মেডিক্যাল অফিসার কর্তৃক প্রতিবন্ধিতা শনাক্তকরণ কার্যক্রম পরিচালনা করা হবে। এমতাবস্থায়, প্রতিবন্ধী শনাক্ত হতে আগ্রহী ব্যক্তিদেরকে উক্ত তারিখে সকাল ০৮:০০ ঘটিকায় উপস্থিত হয়ে শনাক্তের জন্য নির্ধারিত ফরমে আবেদন করে প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।

প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপে অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। নির্ধারিত ফরমে আবেদনপত্র।
- ২। ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
- ৩। দৃষ্টি, বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের এবং অন্যান্য বিশেষ ক্ষেত্রে নির্ধারিত ফরমে সরকারি হাসপাতালের সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ডাক্তারের প্রত্যয়ন ও রিপোর্ট।
- ৪। মোবাইল নং থাকতে হবে (নিজের/পরিবারের কোনো সদস্যের)

প্রতিবন্ধী শনাক্তকরণের স্থান: উপজেলা কৃষি অফিসের সামনের উন্মুক্ত স্থান।


(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০২৫৮৯১১১১২৪

ই-মেইল: usso.dhubchanchia@dss.gov.bd

নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০০০.০৬.০০৬৩.২৪.৯১

তারিখ: ২৯ মাঘ ১৪৩১
১২ ফেব্রুয়ারি ২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৪। সদস্য, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৫। মেয়র, দুপচাঁচিয়া/তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৬। জনাব ডাঃ এএইস তনয় মুস্তাফিজ, মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৮। অফিস কপি।


(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার